গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

রেজিঃ/এডিঃ

নং-ডিজিএনএম/শা-১/১ল-০৫/২০১৬/

/১৪২৪।
তাং-----------------
/২০১৮।

প্রাপক ঃ

১। বর্তমান ঠিকানা
জনাব লিপিকা মালাকার
পিতাঃ অরুন চন্দ্র মালাকার,
সিনিয়র স্টাফ নার্স,
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।

২। স্থায়ী ঠিকানা
জনাব লিপিকা মালাকার
পিতাঃ অরুন চন্দ্র মালাকার,
সিনিয়র স্টাফ নার্স,
৮৯, মেগনোলিয়া ভিলা, মোল্লিকা ১/এ, সেনপাড়া পরবতা, ঢাকা-১২১৬।

বিষয় ঃ জনাব লিপিকা মালাকার (পিতাঃ অরুন চন্দ্র মালাকার), সিনিয়র স্টাফ নার্স, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ অনুসারে আনীত অভিযোগনামা।

## অভিযোগনামা

যেহেতু জনাব লিপিকা মালাকার (পিতাঃ অরুন চন্দ্র মালাকার), সিনিয়র স্টাফ নার্স, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের ২৮/০৯/২০১৭খ্রিঃ তারিখের ৪৫.১৫৮.০২৭.০০.০০.০১৫.২০১৬.৩৩৮ নং স্মারকে অভিযোগ প্রেরণ করা হয়েছে যে, আপনি গত ১৫/১২/২০১৬খ্রিঃ তারিখ সরকারী চাকুরীতে যোগদান করেন। একই সাথে ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল, মিরপুর-২, ঢাকায়ও চাকুরী করছেন। বিষয়টি তদন্ত করে দেখা যায়, আপনি ০৮/০২/২০১৭খ্রিঃ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে আপনাকে স্থানীয় কর্তৃপক্ষ কৈফিয়ত তলব করেন। আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাবও দাখিল করেন নাই। আপনার এহেন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালের ৩(সি) ধারা মোতাবেক ডিজারশনের আওতাভুক্ত অপরাধ।

সেহেতু, আপনাকে (জনাব লিপিকা মালাকার (পিতাঃ অরুন চন্দ্র মালাকার), সিনিয়র স্টাফ নার্স, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা) ডিজারশনের দায়ে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ সালের ৩(সি) ধারা মোতাবেক অভিযুক্ত করা হলো এবং কেন একই বিধি মালার ৪(৩)(ডি) ধারা মোতাবেক আপনাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হবে না বা উক্ত অধ্যাদেশের আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এ অভিযোগনামা পাওয়ার ১০(দশ) কার্যদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

আপনাকে আরো জানানো যাচ্ছে যে, আপনি সাক্ষাতে কিছু বলতে চান কিনা এবং সাফাই সাক্ষী উপস্থাপন করতে চান কিনা তা বর্নিত সময়ের মধ্যে জানাবেন। এ অভিযোগনামা যার উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে সে অভিযোগ বিবরণীর অনুলিপি অত্র পত্রের অপর পৃষ্ঠায় বর্ণনা করা হলো।

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-ডিজিএনএম/শা-১/১ল-০৫/২০১৬/ ২৪/২(৮)

১১/১০ /১৪২৪।
তাং-----------------
২৪/০১ /২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত সচিব(চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
৩। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন সেগুন বাগিচা, ঢাকা।
৪। সিনিয়র সহকারী সচিব(নার্সিং), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সহকারী পরিচালক(নার্সিং), বিভাগীয় স্বাস্থ্য পরিচালকের কার্যালয়, ঢাকা বিভাগ, ঢাকা।
৬। সেবা তত্ত্বাবধায়ক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৮। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র আদেশটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

২৪/০১/১৮

মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)/(মিডওয়াইফারি)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

<u>অভিযোগ বিবরণী</u>

জনাব লিপিকা মালাকার (পিতাঃ অরুন চন্দ্র মালাকার), সিনিয়র স্টাফ নার্স, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের ২৮/০৯/২০১৭খ্রিঃ তারিখের ৪৫.১৫৮.০২৭.০০.০০.০১৫.২০১৬.৩৩৮ নং স্মারকে অভিযোগ প্রেরণ করা হয়েছে যে, আপনি গত ১৫/১২/২০১৬খ্রিঃ তারিখ সরকারী চাকুরীতে যোগদান করেন। একই সাথে ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতাল, মিরপুর-২, ঢাকায়ও চাকুরী করছেন। বিষয়টি তদন্ত করে দেখা যায়, আপনি ০৮/০২/২০১৭খ্রিঃ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছেন। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির কারণে আপনাকে স্থানীয় কর্তৃপক্ষ কৈফিয়ত তলব করেন। আপনি উক্ত কৈফিয়ত তলবের জবাবও দাখিল করেন নাই। আপনার এহেন অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা,১৯৮৫ সালের ৩(সি) ধারা মোতাবেক ডিজারশনের আওতাভুক্ত অপরাধ।

28.7.78

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নং-ডিজিএনএম/শা-১/১ত-৫১/২০০৩/ তাং---------------- /১৪২৪। /২০১৮।

## অফিস আদেশ

জনাব মোঃ আবু তালেব(পিতা-শেখ তাইজুদ্দিন), স্টাফ নার্স, জেনারেল হাসপাতাল, নারায়ণগঞ্জ গত ১৪/০৬/২০১৫খ্রিঃ তারিখ হতে ২৫/০৬/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত নৈমিত্তিক ছুটি নিয়ে কর্মস্থল ত্যাগ করে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থেকে ০৪/০৯/২০১৬ইং তারিখ কর্তব্য কাজে যোগদানের অনুমতির জন্য আবেদন করেন। তার এই অননুমোদিতভাবে অনুপস্থিতির কারণে ১০/০৮/২০১৬খ্রিঃ তারিখ দায়েরকৃত বিভাগীয় মামলায় ০৭/০৯/২০১৭খ্রিঃ তারিখের ৫১৬৮ সংখ্যক আদেশে লঘু দন্ড প্রদান পূর্বক অনুপস্থিত দিনগুলি বিনা বেতনে অসাধারন ছুটি মঞ্জুর করে কর্তব্য কাজে যোগাদানের অনুমতি প্রদান করা হয়। কিন্তু সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, নারায়ণগঞ্জের ১৯/০৯/২০১৭খ্রিঃ তারিখের জেঃহাঃনাঃগঞ্জ/২০১৭/২৪৯/ ১(৭) নং স্মারকে জানা যায় তিনি ১৪/০৬/২০১৫খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। তার এই অননুমোদিতভাবে বার বার কর্তব্য কাজে অনুপস্থিত থাকার কারণে কর্তব্যে অবহেলা ও অসদাচারণের অভিযোগে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমাল,১৯৮৫ এর বিধি ৩(বি) ধারার আলোকে উক্ত বিধিমালার "বিধি"-১১ মোতাবেক অভিযোগ উত্থাপনের তারিখ ১৪/০৬/২০১৫খ্রিঃ তারিখ হতে তাকে সরকারী চাকুরী থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ স্থানীয় কর্তৃপক্ষের ১৯/০৯/২০১৭খ্রিঃ তারিখের জেঃহাঃনাঃগঞ্জ/২০১৭/২৪৯/ ১(৭) সংখ্যক স্মারকের প্রেক্ষিতে জারী করা হলো। এ আদেশ জারীর প্রেক্ষিতে তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্ত হবেন।

(তন্দ্রা শিকদার)
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd
ফোন নং-৯১৩৬৬৭৪।

নং-ডিজিএনএম/শা-১/১ত-৫১/২০০৩/ ২৯/১(১০) তাং ১১/১০ /১৪২৪। ২৪/০১ /২০১৮।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত সচিব(নার্সিং ও মিডওয়াইফারি),স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিভিল সার্জন, নারায়নগঞ্জ।
৩। সিভির সার্জন কাম তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, নারায়ণগঞ্জ।
৪। জেলা হিসাব রক্ষন কর্মকর্তা, নারায়ণগঞ্জ।
৫। জেলা পাবলিক হেল্‌থ নার্স, সিভিল সার্জন অফিস, নারায়ণগঞ্জ।
৬। উপসেবা তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, নারায়ণগঞ্জ।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৮। জনাব মোঃ আবু তালেব(পিতা-শেখ তাইজুদ্দিন), স্টাফ নার্স, জেনারেল হাসপাতাল, নারায়ণগঞ্জ।
৯। জনাব মোঃ আবু তালেব(পিতা-শেখ তাইজুদ্দিন), স্টাফ নার্স, গ্রাম ও পোঃ রারহা, থানাঃ নবাবগঞ্জ, জেলা ঃ ঢাকা।
১০। পিএমআইএস শাখা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অত্র পত্রটি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশ প্রদান করা হলো)।

২৪/০১/১৮
মহাপরিচালকের পক্ষে
উপ-পরিচালক(শৃংখলা)/(মিডওয়াইফারি)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।